



# প্রাইম ইসলামী লাইফ ইন্স্যুরেন্স লিমিটেড

## برائے اسلامی لائف انشورنس لمیٹیڈ

### Prime Islami Life Insurance Limited

ISO 9001 : 2015  
CERTIFIED

মার্চ ২৪, ২০২০

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)  
সকল কর্পোরেট জোন প্রধান/বিভাগীয় প্রধান (উন্নয়ন)  
সকল জোন প্রধান  
সকল সাংগঠনিক অফিস প্রধান  
সকল স্তরের উন্নয়ন কর্মী/কর্মকর্তা  
সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ

### অফিস প্রজ্ঞাপন নং : ৩৬-২০২০

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানীর নবায়ন ব্যবসা বৃদ্ধির বৃহত্তর স্বার্থে তামাদি পলিসির প্রিমিয়ামের উপর নিম্নে বর্ণিত হারে বিশেষ ইনসেন্টিভ ঘোষণা করা হলো :

তামাদি কাল	ইনসেন্টিভ এর হার (%)		
	এফএ	অফিস ইনচার্জ	জোন ইনচার্জ
১ বছরের অধিক থেকে ২ বছর পর্যন্ত	৩.০০%	০.৭৫%	১.২৫%
২ বছরের অধিক থেকে ৩ বছর পর্যন্ত	৩.৫০%	০.৯০%	১.৬০%
৩ বছরের অধিক	৪.২০%	১.০৫%	১.৭৫%

### শর্তাবলী :

- ১। বর্ণিত বিশেষ ইনসেন্টিভ কেবলমাত্র ব্যবসা মাস এপ্রিল থেকে মে'২০২০ এই ২ মাসে অর্জিত তামাদি পলিসির প্রিমিয়ামের উপর প্রযোজ্য হবে।
- ২। একক বীমা ও ডিপিএস উভয় পলিসি সচলের ক্ষেত্রে তামাদিকাল ১ বছরের অধিক অর্থাৎ কমপক্ষে বাৎসরিক কিস্তি ২টি, ষান্মাসিক কিস্তি ৩টি, ত্রৈমাসিক কিস্তি ৫টি ও মাসিক কিস্তি ১৩টি বকেয়া হলে তামাদি হিসেবে গণ্য হবে।
- ৩। পলিসি তামাদির তারিখ হতে ৫ বছরের মধ্যে বকেয়া প্রিমিয়াম এবং পুনঃবহাল সংক্রান্ত ওআর (OR) নীতিমালা অনুযায়ী চাহিদাদি (যদি থাকে) দাখিল সাপেক্ষে পুনঃরায় সচল করা যাবে। তামাদি পলিসি সচল করার ক্ষেত্রে অবলিখন নীতিমালা অনুযায়ী পলিসি পুনঃবহালের সকল শর্ত প্রযোজ্য হবে।
- ৪। তামাদি পলিসির বিপরীতে জমাকৃত বকেয়া প্রিমিয়ামের উপর নির্ধারিত কমিশন (সকল মেয়াদে) এবং অতিরিক্ত বর্ণিত এফএ পদের বিশেষ ইনসেন্টিভ স্পটে প্রদান করা হবে (যে মাঠ কর্মী/কর্মকর্তা প্রিমিয়াম জমা করবেন)।
- ৫। একই চেইনে একাধিক জোন ও কর্পোরেট জোন থাকলে বর্ণিত “জোন ইনচার্জ ইনসেন্টিভ” সমহারে বন্টন করে প্রদান করা হবে।
- ৬। অফিস ইনচার্জ ও জোন ইনচার্জের বর্ণিত বিশেষ ইনসেন্টিভ মাসিক ক্লোজিং শেষে প্রদান করা হবে।

এতদসঙ্গে এসংক্রান্ত পূর্বে জারীকৃত অফিস প্রজ্ঞাপন নং ৩৩-২০১৯ এবং ৮৭-২০১৯ এপ্রিল ০১, ২০২০ হতে বাতিল বলে গণ্য হবে।

কাজী আবুল মনজুর  
এসইভিপি ও ইনচার্জ  
প্রশাসন বিভাগ

৫

### আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪৭১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪

ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০. ই-মেইল : ceo@primelifehd.com nililhd@gmail.com web : www.primelamilifehd.com